

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২১৪৩

পর্ব-৮: কুরআনের মর্যাদা (کتاب فضائل القرأن)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

ٱلْفَصْلُ الثَّانِيْ

### আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «تَعَلَّمُوا الْقُرْآنَ فَاقْرَءُوهُ فَإِن مثل الْقُرْآن لمن تعلم وَقَامَ بِهِ كَمثل جراب محشو مسكا يفوح ريحُهُ كُلَّ مَكَانٍ وَمَثَلُ مَنْ تَعَلَّمَهُ فَرَقَدَ وَهُوَ فِي جَوْفِهِ كَمَثَلِ جِرَابٍ أُوكِئَ عَلَى مسك» . رَوَاهُ التِّرْمِذِيَّ وَالنَّسَائِيِّ وَابْن مَاجَه

#### বাংলা

২১৪৩-[৩৫] আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কুরআন শিক্ষা করো ও পড়তে থাকো। যে ব্যক্তি কুরআন পড়ে এবং কুরআন নিয়ে রাতে সালাতে দাঁড়ায় তার দৃষ্টান্ত মিশক ভর্তি থলির মতো যা চারদিকে সুগন্ধি ছড়ায়। যে ব্যক্তি কুরআন শিক্ষা করে তা পেটে নিয়ে রাতে ঘুমায়, তার দৃষ্টান্ত ওই মিশকপূর্ণ থলির মতো যার মুখ ঢাকনি দিয়ে বন্ধ করা হয়েছে। (তিরমিয়ী, নাসায়ী ও ইবনু মাজাহ)[1]

## ফুটনোট

[1] য'ঈফ: তিরমিয়ী ২৮৭৬, ইবনু মাজাহ ২১৬, য'ঈফ আত্ তারগীব ৮৬৮, য'ঈফ আল জামি' ২৪৫২। কারণ এর সানাদে 'আত্বা একজন মাজহূল রাবী।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: তোমরা কুরআন শিক্ষা কর, এ নির্দেশ কুরআনের শব্দ এবং অর্থ উভয়কে অন্তর্ভুক্ত করে। আবূ মুহাম্মাদ আল জুওয়াইনী (রহঃ) বলেন, কুরআন শিক্ষা করা এবং অন্যকে শিক্ষা দেয়া ফার্যে কিফায়াহ্। যাতে কোথাও কুরআন শিক্ষা এবং তিলাওয়াত বন্ধ হয়ে না যায় এবং তা পরিবর্তন ও বিকৃত সাধন না হয়। 'আল্লামা যুরকানী



(রহঃ) বলেন, যদি কোন শহর অথবা গ্রামে এমন একজন মানুষও না থাকে যিনি কুরআন তিলাওয়াত করবেন তাহলে সমস্ত শহর ও গ্রামের মানুষই গুনাহগার হবে।

হাফেয ইবনু হাজার আসকালানী (রহঃ) বলেন, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ঘোষণাঃ "তোমরা কুরআন শিক্ষা কর", এ নির্দেশ সার্বজনীন। সুতরাং সকল উম্মাত এর অন্তর্ভুক্ত; তারা যেখানেই থাকুক পর্যায়ক্রমে কুরআন শিক্ষা করবে। যাতে কেউ কুরআন বিকৃত করতে না পারে; কেউ যদি বিকৃত করতে চেষ্টা করে তাতে বাধা দিবে।

কুরআন শিক্ষার সাথে সাথে সর্বদা তা তিলাওয়াত বা পাঠের নির্দেশ এসেছে।

কুরআন শিক্ষাকারী, তার তিলাওয়াতকারী এবং তা নিয়ে তাহাজ্জুদে দন্ডায়মানকারী, অর্থাৎ- তাহাজ্জুদে দাঁড়িয়ে কুরআন তিলাওয়াতকারীর দৃষ্টান্ত হলো মিসক ভর্তি থলির ন্যায়। এ থলির মুখ খোলা, সুতরাং তার সুগন্ধ মালিক নিজেও উপকৃত ও প্রীত হয় অপরেও উপকৃত হয়। পক্ষান্তরে যে কুরআন শিক্ষা করেছে বটে কিন্তু সে তা কোন সময় তিলাওয়াত করে না এবং তা দিয়ে তাহাজ্জুদও পড়ে না তার দৃষ্টান্ত হলো মুখ বন্ধ মিসকের থলির ন্যায়। যার (বন্ধ) সুগন্ধি কেউই পায় না এবং তা দ্বারা উপকৃতও হয় না।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন